

জগন্নাথ বিশ্ববিদ্যালয় বিএনসিসি এর ব্যাটালিয়ন ক্যাম্পিং ২০১৮-এ ব্যাপক সাফল্য অর্জন



৩১ অক্টোবর, ২০১৮-বুধবার জগন্নাথ বিশ্ববিদ্যালয় বিএনসিসি উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমানের সাথে তার কার্যালয়ে সৌজন্য সাক্ষাতে মিলিত হয়। এসময় কোম্পানি কমান্ডার ও অফিসার ইনচার্জ সৈয়দ মুহাম্মদ সাজ্জাদ কবীর, প্লাটুন কমান্ডার আতিয়ার রহমান এবং উক্ত ক্যাম্পে বিভিন্ন প্রতিযোগীরা উপস্থিত ছিলেন। উল্লেখ্য জগন্নাথ বিশ্ববিদ্যালয় বিএনসিসি এর তারুণ্যময়, উচ্ছ্বাসপূর্ণ জয়ের বিএনসিসি ব্যাটালিয়ন ট্রেনিং এক্সারসাইজ-২০১৮ গত (১৬-২২) অক্টোবর খিলগাঁও সরকারী উচ্চ বিদ্যালয়ে অনুষ্ঠিত হয়। উক্ত ক্যাম্পিংয়ে ফায়ারিং, ড্রিল প্রতিযোগিতা, ভলিবল, হ্যান্ডবল, ফুটবল (ছোটদের জন্য), উপস্থিত বক্তব্য (বাংলা ও ইংরেজি), কবিতা আবৃত্তি, অভিনয় এবং সমাপনী অনুষ্ঠানের আয়োজন করা হয় এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয় ও পাশ্চাত্য শিক্ষা প্রতিষ্ঠানের সমন্বয়ে গঠিত আলফা কোম্পানী প্রতিযোগিতায় কৃতিত্বের স্বাক্ষর রাখে। এছাড়াও জগন্নাথ বিশ্ববিদ্যালয় বিএনসিসি বিভিন্ন প্রতিযোগিতায় অংশগ্রহণ করে ১৯ টি পুরস্কার অর্জন করে যার মধ্যে ১০ টি গোল্ড ম্যাডেল, ৭ টি সিলভার ম্যাডেল ও বেস্ট ক্যাডেট পুরস্কার রয়েছে। আবার উক্ত ক্যাম্পিংয়ে জগন্নাথ বিশ্ববিদ্যালয় বিএনসিসি ৫ টি প্রধান বিষয়ে দায়িত্বপ্রাপ্ত হয়।